গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান নির্বাহী
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

এবং

সচিব
তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়
এর মধ্যে সম্পাদিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

সুচিপত্র

কর্মসম্পাদরের সার্বিক চিত্র.. ৩

উপক্রমণিকা.. ৪

সেকশন ১: রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি................. ৫

সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact Acronyms)..................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ.................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাণ পদ্ধতি.. ১২

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা...... ১৩

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Bangladesh Cinema and Television Institute)

সাম্প্রতিক অর্জন:

২০১৩ সালে জাতীয় সংসদে আইন পাশ হওয়ার পর তথ্য মন্ত্রণালয় কর্তৃক একই বছরের ১লা নভেম্বর প্রজ্ঞাপন জারির মাধ্যমে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৪ সালের ১০ই সেপ্টেম্বর ইনস্টিটিউট এবং এ প্রতিষ্ঠানের প্রথম চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্স উদ্বোধন করেন। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য কিছু প্রাথমিক সুবিধাদি সৃষ্টি করা হয়েছে। প্রতিষ্ঠানটি পরিচালনার জন্য ২২ সদস্য বিশিষ্ট গভর্নিং বডি গঠন করা হয়েছে। চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ে বিভিন্ন কোর্সের জন্য প্রশিক্ষণ মডিউল প্রণয়ন করা হয়েছে। এক বছর মেয়াদী 'চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্স ও ৬ মাস মেয়াদী 'টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্স' দু'টি সফলভাবে সম্পন্ন হয়েছে। এছাড়া প্রামাণ্যচিত্র নির্মাণ ও চলচ্চিত্র ও টেলিভিশনে অভিনয় শীর্ষক আরও দুটি স্বল্প মেয়াদী কোর্স ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। বর্তমানে চলমান দ্বিতীয় 'চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স'টির মেয়াদ এক বছর বাড়িয়ে দুই বছর করা হয়েছে। এছাড়া ৬ মাস মেয়াদী 'দ্বিতীয় টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্স' চলমান রয়েছে। ইনস্টিটিউটের সাংগঠনিক কাঠামো ও যন্ত্রপাতির তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়-এবং অর্থ মন্ত্রণালয়ে অনুমোদিত হয়েছে। এ পর্যন্ত চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ক মোট ১৯ টি ওয়ার্কশপ/সেমিনার আয়োজিত হয়েছে। বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের প্রথম ষান্মাসিক 'বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা'-র দুইটি সংখ্যা প্রকাশিত হয়েছে, তৃতীয় সংখ্যার কাজ চলছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:

'বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট' এদেশে এ ধরনের প্রথম প্রতিষ্ঠান। ফলে দেশের অভ্যন্তরে এ ধরনের প্রতিষ্ঠানের একাডেমিক, সাংগঠনিক, অবকাঠামোগত বিষয়সমূহ ধারণা ও অভিজ্ঞতা অর্জনের সুযোগ খুবই সীমিত। ব্যয় সাপেক্ষ এ ধরনের শিক্ষণ/প্রশিক্ষণের প্রয়োজনীয় সুবিধাদি ও এর ব্যবস্থাপনা নিশ্চিত করা প্রাথমিক অবস্থায় একটি দুরূহ কাজ। বিশেষজ্ঞ পর্যায়ের দক্ষ প্রশিক্ষকের অভাব রয়েছে। এ ধরনের প্রতিষ্ঠান-এর দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় জ্ঞান সম্পন্ন কর্মকর্তা/কর্মচারী প্রয়োজন। সর্বোপরি প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সম্বলিত নিজস্ব স্থায়ী ক্যাম্পাস না থাকায় শিক্ষণ/প্রশিক্ষণের কাজ ব্যাহত হচ্ছে।

বর্ণিত বাস্তবতায় বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের কোর্সগুলির গুণগত মান অক্ষুন্ন রেখে একে একটি আন্তর্জাতিক মানের চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের মর্যাদায় উন্নীত করার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের মাধ্যমে এদেশের চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে দক্ষ ও যোগ্য নির্মাতা ও কলাকুশলী সৃষ্টি করা একটি বড় চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা:

চলমান ২ বছর মেয়াদী দ্বিতীয় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স ও ৬ মাস মেয়াদী দ্বিতীয় টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্স এবং অন্যান্য স্বল্পমেয়াদী কোর্সসমূহ সফলভাবে সম্পন্ন করা এবং ধীরে ধীরে ডিগ্রি সমূহকে মাস্টার্স ও স্নাতক সম্মান-এর সমপর্যায়ে উন্নীত করা। ইনস্টিউটের সাংগঠনিক কাঠামো ও যন্ত্রপাতির তালিকা এবং প্রবিধানমালা চূড়ান্তকরণ। নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা, নিজস্ব ক্যাম্পাস প্রতিষ্টা করা। নিজস্ব দক্ষ ও যোগ্য ফ্যাকাল্টি সৃষ্টি ও প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবারাহ নিশ্চিত করা। সমজাতীয় বিদেশী প্রতিষ্ঠানগুলির সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন।

২০১৬-১৭ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জন সমূহ:

- ২ বছর মেয়াদী দ্বিতীয় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স ও ৬ মাস মেয়াদী দ্বিতীয় টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্স দু'টি সফলভাবে সম্পন্ন করা।
- তৃতীয় চলচ্চিত্র নির্মাণ প্রশিক্ষণ (স্নাতকোত্তর ডিপ্লোমা) কোর্স সফলভাবে শুরু করা ও তৃতীয় টেলিভিশন অনুষ্ঠান প্রযোজনা প্রশিক্ষণ (ডিপ্লোমা) কোর্সটি সফলভাবে শুরু ও সম্পন্ন করা এবং তিনটি স্বল্পমেয়াদী কোর্স সফলভাবে সম্পন্ন করা।
- ১২ টি চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ক ওয়ার্কশপ/সেমিনার-এর আয়োজন করা।
- ছয়টি চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ক প্রকাশনার কাজ সম্পন্ন করা।
- ৯০ টি চলচ্চিত্র ও টিভি প্রোডাকশন নির্মাণ
- একটি গবেষণা কর্ম সম্পাদন
- একটি চলচ্চিত্র উৎসব আয়োজন

উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের মাধ্যমে রূপকল্প ২১-এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

এবং

সচিব, তথ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

-এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ১৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন-১

দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলী

১.১ রূপকল্প (Vision):

চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে দক্ষ ও যোগ্য নির্মাতা ও কলাকুশলী সৃষ্টি।

১.২ অভিলক্ষ্য (Mission):

চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে ডিগ্রি ও কারিগরি প্রশিক্ষণ প্রদানসহ এতদ্‌সংশ্লিষ্ট বিষয়ে অধ্যয়ন, গবেষণামূলক কর্মকাণ্ড ও প্রকাশনার মাধ্যমে চলচ্চিত্র ও টেলিভিশনের জন্য যোগ্য ও দক্ষ নির্মাতা ও কলাকুশলী সৃষ্টি করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ক কোর্সসমূহের গুণগত মান নিশ্চিত করা।

২. চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে প্রণোদনা সৃষ্টি করা।

১.৪ কার্যাবলী (Functions):

২. চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে ডিপ্লোমা ও স্নাতক ডিগ্রিসহ অন্যান্য স্বল্পকালীন কোর্সের আয়োজন ও সফলভাবে কোর্স সম্পন্নকারীদের সনদ প্রদান;

৩. চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাতা ও কলাকুশলী এবং এতদ্‌সংশ্লিষ্ট ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের কাঠামো নির্ধারণ, পরিচালন ও মূল্যায়ন করা;

৪. চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ সংশ্লিষ্ট বিষয়ের উপর সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন;

৫. জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ সংশ্লিষ্ট বিষয়ের উপর গবেষণা কার্যক্রম গ্রহণ এবং উক্তরূপ গবেষণালব্ধ ফলাফল প্রকাশ;

৬. চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণের বিষয়ে পরামর্শক সেবা প্রদান;

৭. চলচ্চিত্র এবং টেলিভিশন অনুষ্ঠান নির্মাণের উপর বিশেষ অবদানের জন্য কোন ব্যক্তিকে বিশেষ সম্মাননা প্রদান; এবং

৮. বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট আইন, ২০১৩-এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রয়োজনীয় অন্য কোনো কার্যক্রম গ্রহণ।

সেকশন ২

দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)	কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator)	একক (Unit)	প্রকৃত ২০১৪-১৫	প্রকৃত ২০১৫-১৬	লক্ষ্যমাত্রা ২০১৬-১৭	প্রক্ষেপণ ২০১৭-১৮	প্রক্ষেপণ ২০১৮-১৯	নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম	উপাত্তসূত্র (Source of Data)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণে দক্ষ ও যোগ্য নির্মাতা ও কলাকুশলী সৃষ্টি	সম্পাদিত প্রশিক্ষণ কোর্স	সংখ্যা	২	৪	৫	৬	৭		মাসিক/বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট
	কোর্সে অংশগ্রহণকারী	সংখ্যা	৫১	৮০	১০০	১২০	১৪০		
	আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার	সংখ্যা	১১	১২	১২	১২	১২		মাসিক/বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট
	ওয়ার্কশপ/ সেমিনার-এ অংশগ্রহণকারী	সংখ্যা	২৭৮	৩০০	৩২০	৩৪০	৩৫০		
	প্রকাশিত পুস্তক/ সাময়িকী/জার্নাল	সংখ্যা	২	৪	৬	৬	৬		মাসিক/বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট
	নির্মিত চলচ্চিত্র/ টিভি প্রোডাকশন	সংখ্যা	৪৮	৮০	৯০	১০০	১০০		বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট
	সম্পাদিত গবেষণা	সংখ্যা	-	-	১	২	২		বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট
চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে প্রণোদনা সৃষ্টি	আয়োজিত চলচ্চিত্র উৎসব	সংখ্যা	-	-	১	১	১		বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট
	আয়োজিত সম্মাননা প্রদান অনুষ্ঠান (সংশ্লিষ্ট ক্ষেত্রের বিশেষ ব্যক্তিত্বকে)	সংখ্যা	-	-	-	১	১		বার্ষিক প্রতিবেদন ও ওয়েবসাইট

সেকশন ৩

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক লক্ষ্যমাত্রাসমূহ

কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপণ (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯
						২০১৪-১৫	২০১৫-১৬	অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
								১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ														
চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ক কোর্স সমূহের গুণগত মান নিশ্চিত করা	৭০	প্রশিক্ষণ কোর্স আয়োজন	আয়োজিত কোর্স	সংখ্যা	১৫	২	৪	৫	৪	৩	২	১	৬	৭
			অংশগ্রহণ কারী প্রশিক্ষণার্থী	সংখ্যা	১৫	৫১	৮০	১০০	৯০	৭৫	৬০	৩০	১২০	১৪০
		সেমিনার/ ওয়ার্কশপ আয়োজন	আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ	সংখ্যা	০৫	১১	১২	১২	১১	১০	০৯	০৮	১২	১২
			অংশগ্রহণ কারী	সংখ্যা	০৫	২৭৮	৩০০	৩২০	৩১৫	৩১০	৩০৫	৩০০	৩৪০	৩৫০
		পুস্তক/সাময়িকী/ জার্নাল প্রকাশ	প্রকাশিত পুস্তক/জার্নাল	সংখ্যা	১০	১	৪	৬	৫	৪	৩	২	৬	৬
		চলচ্চিত্র ও টিভি প্রোডাকশন নির্মাণ	নির্মিত চলচ্চিত্র ও টিভি প্রোডাকশন	সংখ্যা	১৫	৪৮	৮০	৯০	৮৮	৮৫	৮২	৮০	১০০	১০০
		গবেষণা সম্পাদন	সম্পাদিত গবেষণা	সংখ্যা	০৫	-	-	১	-	-	-	-	২	২
চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে প্রণোদনা সৃষ্টি	১০	চলচ্চিত্র উৎসব আয়োজন	আয়োজিত চলচ্চিত্র উৎসব	সংখ্যা	১০			১	-	-	-	-	১	১
		চলচ্চিত্র ব্যক্তিত্বকে সম্মাননা প্রদান	আয়োজিত সম্মাননা প্রদান অনুষ্ঠান	সংখ্যা	-	-	-	-	-	-	-	-	১	১

দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator) (Activities)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান-২০১৫-১৬				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
						১০০%	৯০%	৮০%	৭০%	৬০%
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন	৬	২০১৬-১৭ অর্থ বছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল	নির্ধারিত সময়সীমায়র মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়/বিভাগে দাখিলকৃত	তারিখ	১	১৯ মে	২২ মে	২৪ মে	২৫ মে	২৬ মে
		মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর	নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত	তারিখ	১	২৬-৩০ জুন	-	-	-	-
		২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত	সংখ্যা	১	১৪ জুলাই	১৭ জুলাই	১৮ জুলাই	১৯ জুলাই	২০ জুলাই
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ	ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত	তারিখ	১	৪	৩	২	-	-
		২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল	নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত							
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান	বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা	সংখ্যা	১					
দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন	৩	সরকারি কর্মসম্পাদন ব্যাবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/ কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনঘন্টা	১	৬০	৫৫	৫০	৪৫	৪০
		জাতয়ি শুদ্ধাচার কৌশল বাস্তাবায়ন	২০১৬-১৭ অর্থ বছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষন কাঠামো প্রণীত ও দাখিলকৃত	তারিখ	১	১৫ জুলাই	৩১ জুলাই	-	-	-
			নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিকৃত	%	১	৪	৩	২	-	-
তথ্য অধিকার ও স্বপ্রনোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন	২	তথ্য বাতায়ন হালনাগাদকরণ	তথ্য বাতায়ন হালনাগাদকৃত	%	১	প্রতি মাসের ১ম সপ্তাহ	প্রতি মাসের ২য় সপ্তাহ	প্রতি মাসের ৩য় সপ্তাহ	-	-
		বার্ষিক প্রতিদেন প্রণয়ন ও প্রকাশ	বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইট প্রকাশিত	তারিখ	১	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ নভেম্বর
কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন	৫	ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন	দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত	তারিখ	১	২৮ ফেব্রুয়ারি	৩০ মার্চ	৩০ এপ্রিল	৩১ মে	২৯ জুন
		পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ	পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত	%	১	১০০	৯০	৮০	-	-

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬	কলাম-৬				
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator) (Activities)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI)	লক্ষ্যমাত্রার মান-২০১৫-১৬				
						অসাধারণ (Excellent)	অতি উত্তম (Very Good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
		সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
			দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত	তারিখ	১	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	২৮ ফেব্রুয়ারি	-	-
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	নিষ্পত্তিকৃত অভিযোগ	%	১	৯০	৮০	৭০	৬০	৫০
কর্ম পরিবেশ উন্নয়ন	৩	অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা	নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও অঙ্গিনা পরিচ্ছন্ন	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা	নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
		সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদরে মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা	সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষনের ব্যবস্থা চালুকৃত	তারিখ	১	৩০ নভেম্বর	৩১ ডিসেম্বর	৩১ জানুয়ারি	-	-
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	১	অডিট আপত্তি কার্যক্রমের উন্নয়ন	বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	১	৫০	৪৫	৪০	৩৫	৩০

আমি, প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর প্রতিনিধি হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্যমন্ত্রীর প্রতিনিধি তথ্য সচিব-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, তথ্য সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্যমন্ত্রীর প্রতিনিধি হিসেবে প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

১৬.০৭.২০১৬

প্রধান নির্বাহী
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

তারিখ

ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন
প্রধান নির্বাহী
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
ও
মহাপরিচালক (গ্রেড-২)
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

২৬.০৭.২০১৬

সচিব
তথ্য মন্ত্রণালয়

তারিখ

মরতুজা আহমদ
সচিব
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংযোজনী-১

শব্দ সংক্ষেপ (Acronyms)

ক্রমিক নম্বর	শব্দ সংক্ষেপ (Acronyms)	বিবরণ
১.	বিসিটিআই (BCTI)	Bangladesh Cinema and Television Institute
২.	বিএফএ (BFA)	Bangladesh Film Archive
৩.	বিএফডিসি (BFDC)	Bangladesh Film Development Corporation

সংযোজনী-২

কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

কার্যক্রম	কর্মসম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী ইউনিট	পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র	সাধারণ মন্তব্য
সংবাদ, গণমাধ্যম ও আর্কাইভিং বিষয়ে কোর্স আয়োজন	[২.১০.১] সংবাদ, গণমাধ্যম ও আর্কাইভিং বিষয়ে কোর্স	চলচ্চিত্র এবং টেলিভিশনের বিভিন্ন বিষয়ে কোর্স আয়োজন	বিসিটিআই	মাসিক/বার্ষিক রিপোর্ট ওয়েব সাইট	
সংবাদ, গণমাধ্যম ও আর্কাইভিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান	[২.১০.২] সংবাদ, গণমাধ্যম ও আর্কাইভিং বিষয়ে প্রশিক্ষণার্থী	চলচ্চিত্র এবং টেলিভিশনের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান	বিসিটিআই	মাসিক/বার্ষিক রিপোর্ট ওয়েব সাইট	
সংবাদপত্র ও গণমাধ্যম বিষয়ক গবেষণা সম্পাদন	[২.১১.১] সম্পন্নকৃত সংবাদপত্র ও গণমাধ্যম বিষয়ক গবেষণা	চলচ্চিত্র এবং টেলিভিশনের বিভিন্ন বিষয়ে গবেষণা সম্পাদন	বিসিটিআই	মাসিক/বার্ষিক রিপোর্ট ওয়েব সাইট	
গণমাধ্যম, ফিল্ম ও টিভি বিষয়ক প্রকাশনা সম্পাদন	[২.১২.১] সম্পন্নকৃত গণমাধ্যম, ফিল্ম ও টিভি বিষয়ক প্রকাশনা	চলচ্চিত্র এবং টেলিভিশনের বিভিন্ন বিষয়ে প্রকাশনা সম্পাদন	বিসিটিআই	মাসিক/বার্ষিক রিপোর্ট ওয়েব সাইট	
ফিল্ম, টিভি ও গণমাধ্যম বিষয়ক কর্মশালা আয়োজন	[২.১৩.১] আয়োজিত ফিল্ম, টিভি ও গণমাধ্যম বিষয়ক কর্মশালা	চলচ্চিত্র এবং টেলিভিশনের বিভিন্ন বিষয়ে কর্মশালা আয়োজন	বিসিটিআই	মাসিক/বার্ষিক রিপোর্ট ওয়েব সাইট	
ডিপ্লোমা প্রোডাক্ট প্রস্তুত	[২.১৪.১] ডিপ্লোমা প্রোডাক্ট প্রস্তুকৃত	চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ক বিভিন্ন কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষাণার্থী/ডিপ্লোমা সম্পন্নকারীদের তৈরীকৃত নমুনা সিনেমা/টিভি প্রোডাকশন	বিসিটিআই	মাসিক/বার্ষিক রিপোর্ট ওয়েব সাইট	
ফিল্ম ও ফিল্ম আর্কাইভিং সংক্রান্ত জার্নাল ও গ্রন্থ প্রকাশ	[৩.৬.১] প্রকাশিত ফিল্ম ও ফিল্ম আর্কাইভিং সংক্রান্ত জার্নাল ও গ্রন্থ	চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ক জার্নাল ও গ্রন্থ প্রকাশ	বিসিটিআই	মাসিক/বার্ষিক রিপোর্ট ওয়েব সাইট	

সংযোজনী-৩

অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

সংযোজনী-৩ : অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

প্রতিষ্ঠানের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা	চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা	প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব
অর্থ মন্ত্রণালয়	আর্থিক বিষয়াদির অনুমোদন	অনুমোদনকৃত সাংগঠনিক কাঠামো ও যন্ত্রপাতির তালিকা এবং প্রবিধানমালা	সাংগঠনিক কাঠামো ও যন্ত্রপাতির তালিকা এবং প্রবিধানমালা অনুমোদন	দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ	প্রতিষ্ঠান পরিচালনার জন্য অপরিহার্য জনবল, যন্ত্রপাতি এবং প্রবিধান পাওয়া সম্ভব হবে না
জনপ্রশাসন মন্ত্রণালয়	জনবল ও বিধি-বিধান সংক্রান্ত বিষয়াদির অনুমোদন	অনুমোদনকৃত সাংগঠনিক কাঠামো ও যন্ত্রপাতির তালিকা এবং প্রবিধানমালা	সাংগঠনিক কাঠামো ও যন্ত্রপাতির তালিকা এবং প্রবিধানমালা অনুমোদন	দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ	প্রতিষ্ঠান পরিচালনার জন্য অপরিহার্য জনবল, যন্ত্রপাতি এবং প্রবিধান পাওয়া সম্ভব হবে না
বিএফএ	সংরক্ষিত চলচ্চিত্র/ ভিডিও ফুটেজের সিডি, ডিভিডি ইত্যাদি সরবরাহ	সংরক্ষিত চলচ্চিত্র/ ভিডিও ফুটেজের সিডি, ডিভিডি ইত্যাদি	সংরক্ষিত চলচ্চিত্র/ভিডিও ফুটেজের কপি	সংশ্লিষ্ট বিষয়ে জাতীয় সংরক্ষণশালা	প্রশিক্ষণার্থীরা প্রয়োজনীয় শিক্ষা উপকরন প্রাপ্তি থেকে বঞ্চিত হবে।
বিএফডিসি	চলচ্চিত্র বিষয়ক যন্ত্রপাতি ও অবকাঠামোগত সুবিধাদি প্রদান	যন্ত্রপাতি ও অবকাঠামোগত সুবিধাদি	চাহিদার ভিত্তিতে	সংশ্লিষ্ট বিষয়ে জাতীয় পর্যায়ের উন্নয়ন কর্পোরেশন	যন্ত্রপাতি ও অবকাঠামোগত সুবিধাদি থেকে বঞ্চিত হবে।
টিভি চ্যানেল	টিভি অনুষ্ঠান নির্মাণ ও সম্প্রচার	পরিদর্শন ও কর্মসম্পাদন	প্রশিক্ষার্ণীদের পরিদর্শন ও ইন্টার্নশীপের সুযোগ প্রদান	ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থীদের সম্ভাব্য কর্মস্থল	প্রশিক্ষণার্থীরা প্রত্যক্ষ কাজের অভিজ্ঞতা থেকে বঞ্চিত হবে।